1 MAY 2017
২৪ ২

সংবাদ সম্মেলন

# পটুয়াখালী মেডিক্যাল কলেজের স্বতন্ত্র ক্যাম্পাস দাবি

**নিজস্ব সংবাদদাতা, পটুয়াখালী, ৩০ এপ্রিল ॥** পটুয়াখালী সদর উপজেলায় কালিকাপুর ইউনিয়নের বহালগাছিয়া মৌজায় পটুয়াখালী মেডিক্যাল কলেজের স্বতন্ত্র ক্যাম্পাস স্থাপনের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন সাবেক পৌরসভা ও উপজেলা চেয়ারম্যান এ্যাড. সুলতান আহম্মেদ মৃধা। রবিবার বেলা ১১টায় জনাকীর্ণ সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যের মাধ্যমে স্বতন্ত্র ক্যাম্পাস স্থাপনের সুবিধাসমূহ তুলে ধরেন তিনি। তিনি আরও বলেন স্বতন্ত্র ক্যাম্পাস স্থাপনের বিরুদ্ধে যারা কথা বলছেন তারা ভুল করছেন।

মেডিক্যাল কলেজের 'নামে কোথাও এক একর জায়গাও অধিগ্রহণ করা হয়নি। এছাড়া বরাদ্দসহ যে সকল টেন্ডার প্রক্রিয়া তা সব একনেকের সিদ্ধান্ত অনুযায়ী স্থগিত আছে।

স্বাস্থ্য মন্ত্রণালয় মেডিক্যাল কলেজের বর্তমান অবস্থান ও প্রস্তাবিত স্থান পরিদর্শনের জন্য যে কমিটি গঠন করে দিয়েছেন তাদের রিপোর্টের ভিত্তিতেই সকল সিদ্ধান্ত গৃহীত হবে।

সংবাদ সম্মেলনে পৌর মেয়র ডাঃ মোঃ শফিকুল ইসলাম, জেলা আওয়ামীগের শ্রমবিষয়ক সম্পাদক গাজী হাফিজুর রহমান শবীর, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মনিরুজ্জামান খানসহ আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ, পৌর কাউন্সিলরবৃন্দ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।